দৈনিক ইত্তেফাক

তারিখ 02 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 4

১৬

116

## ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়াছে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

বন্যার কারণে ১ মাস বন্ধ থাকার পর গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরুর প্রথম দিনে ক্যাম্পাস ছাত্র-ছাত্রীদের পদচারনায় মুখরিত হইয়া

(২য় পৃঃ পর)

## ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়াছে

(১ম পৃঃ পর)

উঠে। বিভিন্ন বিভাগের ক্লাসও যথারীতি অনুষ্ঠিত হয়।

### প্রকৌশল বিশ্ববিদ্যালয়

বন্যার কারণে ১ মাস বন্ধশেষে গতকাল (শনিবার) প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণীর ক্লাসসমূহ শুরু হইয়াছে। ৮ই অক্টোবর বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শ্রেণীর ক্লাসসমূহ শুরু হইবে।

### আজ রাজশাহী মেডিক্যাল কলেজ খুলিবে

১২৩ দিন বন্ধ শেষে আজ (রবিবার) রাজশাহী মেডিক্যাল কলেজ খুলিবে। গতকাল (শনিবার) কলেজের হলসমূহ খুলিয়া দেওয়া হইয়াছে। হলে ঢোকার সময় ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র দেখা হয়। রাত্র ৮টার পর হলে যাতায়াত নিষিদ্ধ করা হইয়াছে।

### সঙ্গীত মহাবিদ্যালয়

আগামীকাল (সোমবার) সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়ের একাদশ সঙ্গীত শ্রেণীর ক্লাস শুরু হইবে।